

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫৭

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ২১. সুরাহ ইয়াসীনের ফযীলত

باب فِي فَضْلِ يَس

আরবী

حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ شُجَاعٍ حَدَّثَنِي أَبِي حَدَّثَنِي زِيَادُ بْنُ خَيْثَمَةَ عَنْ مُحَمَّدِ بْنِ جُحَادَةَ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رِيَّاحٍ قَالَ بَلَغَنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَرَأَ يَسَ فِي صَدْرِ النَّهَارِ قُضِيَتْ حَوَائِجُهُ

বাংলা

৩৪৫৭. আতা ইবনু আবী রাবাহ হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি কোনো দিনের প্রারম্ভে (সকালে) সুরাহ ইয়াসীন পাঠ করবে, তার সকল প্রয়োজন পূর্ণ করা হবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ, মুরসাল।

তাখরীজ: বাইহাকী, শুয়াবুল ইমান ২৪৬৩, ২৪৬৪ আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু হতে বিচ্ছিন্ন সনদে, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬২২৪ তে।

জুনদুব রাযিয়াল্লাহু আনহু হতে ইবনু হিব্বান নং ২৫৭৪ একই ভাবে বিচ্ছিন্ন সনদে, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মাওয়ারিদুয যাম’আন নং ৬৬৫ তে।

আরও দেখুন, সুয়ূতী, দুররে মানছুর ৫/২৫৭; তিবরীযী, মিশকাতুল মাসাবীহ নং ২১৭৭ মুরসাল হিসেবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83742>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন